গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২৯১.০২২.০৩.০০১.১৫ – ২০৩

তারিখ: ০২ চৈত্র ১৪৩১
১৭ মার্চ ২০২৫

২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫ পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতি সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ রাজ কুমার বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
তারিখ ঃ ১৭/০৩/২০২৫ খ্রিঃ
সময় ঃ বেলা ১১.৩০ টা
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫ পালন উপলক্ষ্যে আয়োজিত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি বলেন ১৯৭১ সালে ২৫ মার্চের কালো রাতে পাকিস্তানি সেনাবাহিনী বিশ্বের বর্বরতম হত্যাযজ্ঞ পরিচালনা করে। এ দিন রাতে পাকিস্তানি সৈন্যরা অপারেশন সার্চলাইট পরিচালনা করে ঘুমন্ত নিরস্ত্র বাঙালিদের হত্যা করতে শুরু করে। শহিদদের এই আত্মত্যাগ বাঙালি জাতিকে স্বাধীনতা অর্জন না করা পর্যন্ত জীবন বাজি রেখে যুদ্ধ চালিয়ে যেতে অনুপ্রাণিত করে। সভায় গণহত্যায় নিহত সকল শহিদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে শোক সন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়। অতঃপর জনাব রাজ কুমার বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গত ২৯/০১/২০২৫ তারিখের কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান।

২। সভায় উপস্থিত সদস্যগণের সাথে বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচি ও কার্যভিত্তিক উপকমিটি গঠন করা হয়।

২৫ মার্চ 'গণহত্যা দিবস ২০২৫ উপলক্ষে সুন্দরগঞ্জ উপজেলায় গৃহীত কর্মসূচি

সময়	কর্মসূচী	ব্যবস্থাপনায়
২০-২৫ মার্চ	সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্মৃতিচারণ ও আলোচনা সভা স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ।	উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট উপকমিটি
সকাল ১০.০০ টা	২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে শহিদ স্মৃতিস্তম্ভে শ্রদ্ধাঞ্জলি স্থান: কেন্দ্রীয় শহীদ মিনার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।	সংশ্লিষ্ট উপকমিটি
সকাল ১০.৩০ টা	২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে স্মৃতিচারণ ও আলোচনা সভা স্থান: উপজেলা পরিষদ হল রুম, সুন্দরগঞ্জ	সংশ্লিষ্ট উপকমিটি
বাদ যোহর	নিহতদের আত্মার মাগফিরাত কামনা করে সকল মসজিদে বিশেষ মোনাজাত	ইসলামিক ফাউন্ডেশন
সুবিধামত সময়ে	নিহতদের আত্মার শান্তি কামনা করে সকল মন্দির, গির্জা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন	সংশ্লিষ্ট উপকমিটি
সন্ধ্যা ০৭.০০ টা	গণহত্যার উপর নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র স্থান: উপজেলা পরিষদ চত্বর, সুন্দরগঞ্জ	সংশ্লিষ্ট উপকমিটি
রাত ১০:০০ থেকে ১০:০১ মিনিট	২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে ০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট	সংশ্লিষ্ট উপকমিটি

৩। গৃহীত কর্মসূচি বাস্তবায়নে নিম্নরূপ কমিটি গঠন করা হয় ঃ

কমিটির নাম	সদস্যের নাম পরিচিতি	কমিটিতে অবস্থান
২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫ পালন কমিটি	১.উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ	আহবায়ক
	২.উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তা, সুন্দরগঞ্জ	সদস্য
	৩.অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা	,,
	৪. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ	,,
	৫.সকল রাজনৈতিক দল ও অঙ্গ সংগঠনের সভাপতি ও সম্পাদক , সুন্দরগঞ্জ	,,
	৬.প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সুন্দরগঞ্জ উপজেলা কমান্ড	,,
	৭. উপজেলা সদরের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান	,,
	৮.সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সুন্দরগঞ্জ	,,
	৯.উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতি, সুন্দরগঞ্জ	,,
	১০.বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি, সুন্দরগঞ্জ	
	১৯.সভাপতি/সম্পাদক, সার ব্যবসায়ী সমিতি, সুন্দরগঞ্জ	"
	২০.প্রশাসনিক কর্মকর্তা , ইউএনও অফিস, সুন্দরগঞ্জ	"
	২১.সহকারী কমিশনার (ভূমি), সুন্দরগঞ্জ	সদস্য সচিব

৪। উপকমিটি সমূহ

(ক) পুষ্প স্তবক অর্পণ উপকমিটি	১. উপজেলা প্রকৌশলী, সুন্দরগঞ্জ	আহবায়ক
	২. প্রধান নির্বাহী, সুন্দরগঞ্জ পৌরসভা	সদস্য
	৩. উপজেলা যুব উন্নয়ন অফিসার, সুন্দরগঞ্জ	"
	৪. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার , সুন্দরগঞ্জ	"
	৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা	"
	৬. মোঃ আব্দুস সামাদ, উপ সহকারী প্রশাসনিক কর্মকর্তা, ইউএন ও অফিস, সুন্দরগঞ্জ	"
		"
(খ) আলোচনা সভা সংক্রান্ত উপকমিটি	১. উপজেলা কৃষি অফিসার, সুন্দরগঞ্জ	আহবায়ক
	২.উপজেলা প্রকৌশলী, সুন্দরগঞ্জ	সদস্য
	৩. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, সুন্দরগঞ্জ	,,
	৪.উপজেলা যুব উন্নয়ন অফিসার, সুন্দরগঞ্জ	,,
	৫. উপজেলা সমাজসেবা অফিসার, সুন্দরগঞ্জ	,,
	৬.উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সুন্দরগঞ্জ	,,
	৭.জনাব বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম, সুন্দরগঞ্জ	,,
	৮.জনাব বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার আবুল হোসেন, সুন্দরগঞ্জ	,,
	৯. মোঃ আব্দুস সামাদ, উপ সহকারী প্রশাসনিক কর্মকর্তা, ইউএনও অফিস, সুন্দরগঞ্জ	,,
(গ) ব্লাক আউট সংক্রান্ত উপকমিটি	১.উপজেলা প্রকৌশলী, সুন্দরগঞ্জ	আহবায়ক
	৩. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, সুন্দরগঞ্জ	সদস্য
	৪. উপজেলা যুব উন্নয়ন অফিসার, সুন্দরগঞ্জ	,,
	৫. উপজেলা সমাজসেবা অফিসার, সুন্দরগঞ্জ	,,
	৬.ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, সুন্দরগঞ্জ	,,
(ঘ) প্রার্থনা উপকমিটি	১. উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ	আহবায়ক
	২.উপজেলা একাডেমিক সুপারভাইজার, সুন্দরগঞ্জ	সদস্য
	৩.জনাব মোঃ আশিকুর রহমান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ	,,
	৪. ইসলামিক ফাউন্ডেশন, সুন্দরগঞ্জ	,,
(ঙ) আইন শৃঙ্খলা উপকমিটি	১. সহকারী কমিশনার (ভূমি)	আহবায়ক
	২. অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা	সদস্য
	৩. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সুন্দরগঞ্জ	,,
	৪. সকল ইউপি চেয়ারম্যান, সুন্দরগঞ্জ	,,

২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৫' যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে গৃহীত কর্মসূচি বাস্তবায়নে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

সিদ্ধান্ত সমূহ:

(১) ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫ উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি এবং এ উপজেলায় গৃহীত কর্মসূচির আলোকে স্থানীয় পর্যায়ে দিবসটি যথাযোগ্য **মর্যাদায় পালন করার** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হয়। এ বিষয়ে স্থানীয় বীরমুক্তিযোদ্ধা (যদি থাকে)/নিকটস্থ **শিক্ষা প্রতিষ্ঠান প্রধান** এবং স্থানীয় জনপ্রতিনিধিগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

(২) ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫ উদ্যাপন উপলক্ষে সকল শহিদ স্মৃতিস্তম্ভ ও আশপাশের এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ও আনসার সদস্য মোতায়েন করার জন্য অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা ও আনসার ও ভিডিপি অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধাকে অনুরোধ করা হলো।

(৩) গণহত্যা দিবস'-২০২৫ পালনের লক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উপর্যুক্ত কর্মসূচি গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

(৪) যথাযোগ্য মর্যাদায় ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৫ পালন উপলক্ষ্যে দিনব্যাপী আয়োজিত সকল অনুষ্ঠানে উপজেলায় অবস্থিত সরকারি/বেসরকারি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীসহ সর্বস্তরের জনসাধারণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

(৫) ২৫ মার্চ গণহত্যা দিবস- ২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে গণহত্যা ও মুক্তিযুদ্ধের উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনের জন্য উপজেলা আইসিটি অফিসার,সুন্দরগঞ্জ, গাইবান্ধাকে অনুরোধ করা হলো।

(৬) ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অর্পণের জন্য শহীদ স্মৃতিস্তম্ভ ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসক, সুন্দরগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হলো।

(৭) ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অর্পণের জন্য শহীদ স্মৃতিস্তম্ভ ও এর পার্শ্ববর্তী এলাকায় যাতে ধুলা বালি না উড়ে সে জন্য পানি ছিটানোর জন্য স্টেশন মাস্টার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সুন্দরগঞ্জকে অনুরোধ করা হলো।

(৮) ২৫ মার্চ ২০২৫ তারিখ রাত ১০:৩০ টা থেকে ১০:৩১ মিনিট পর্যন্ত সুন্দরগঞ্জ উপজেলায় প্রতীকী ব্ল্যাক-আউট কর্মসূচি পালনের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকল কর্মসূচিতে সকলের আন্তরিক উপস্থিতি ও অংশগ্রহণের আমন্ত্রণ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Raj Kumar
১৭/০৩/২০২৫

রাজ কুমার বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৫
পালন সংক্রান্ত প্রস্তুতি সভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২৯১.০২২.০৩.০০১.১৫(অংশ-৩)-২০৩

তারিখ: ০২ চৈত্র ১৪৩১ / ১৭ মার্চ ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০২। প্রশাসক, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৩। সহকারী কমিশনার (ভূমি), সুন্দরগঞ্জ, গাইবান্ধা|
০৪। প্রশাসক, সুন্দরগঞ্জ পৌরসভা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা|
০৫| অফিসার ইন চার্জ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা|
০৬| উপজেলা .... কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা|

০৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক...কলেজ/বিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

০৮। চেয়ারম্যান..........নং....................................(সকল) ইউ,পি সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

০৯। .... সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

১০। অফিস কপি।

২৭/০৩/২০২৫
রাজ কুমার বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৫
পালন সংক্রান্ত প্রস্তুতি সভা